

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rajshahicollegebd@gmail.com

website: www.rc.edu.bd

online news portal: rcbart.com

Fax: 0721-771511




স্মারক নং-রাক/.....২০৭৬.....

তারিখ: ২২/১১/২০১৭

রচনা প্রতিযোগিতা সংক্রান্ত বিজ্ঞপ্তি

রাজশাহী কলেজের উচ্চ মাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু সম্পর্কে জানতে, নতুন প্রজন্মকে বঙ্গবন্ধু চর্চায় উৎসাহিত করতে এবং বঙ্গবন্ধুর আদর্শকে ভবিষ্যত প্রজন্মের হৃদয়ে স্থান করে দেয়ার লক্ষ্যে ব্রাহ্মণবাড়িয়া ফাউন্ডেশন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে দেশব্যাপি রচনা প্রতিযোগিতার আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা করেছে। উক্ত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত শর্তে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিকট থেকে রচনা আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	শর্তাবলী
১	রচনা প্রতিযোগিতায় সারাদেশের উচ্চ মাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে।
২	রচনা প্রতিযোগিতা হবে তিনটি বিভাগে। খ-বিভাগ (একাদশ ও দ্বাদশ শ্রেণি), গ-বিভাগ (স্নাতক ও স্নাতকোত্তর)
৩	রচনার বিষয়ঃ খ-বিভাগ “শেখ মুজিব যেভাবে বঙ্গবন্ধু” গ-বিভাগ “বঙ্গবন্ধু বাঙ্গালি ও বাংলাদেশ এক সুতোয় গাঁথা”
৪	রচনার আকার হবে খ-বিভাগ: সর্বোচ্চ ৮০০ শব্দ, গ-বিভাগ: সর্বোচ্চ ১০০০ শব্দ।
৫	রচনা A4 সাইজের অফসেট পেপারে এক প্রষ্ঠায় (উভয় পৃষ্ঠায় নয়) স্বহস্তে লিখে বা কম্পিউটার কম্পোজ করে আগামী ৩০ অক্টোবর, ২০১৭ তারিখের মধ্যে জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া ও চেয়ারম্যান, ব্রাহ্মণবাড়িয়া ফাউন্ডেশন, জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ঠিকানায় অফিস চলাকালীন খামবন্ধ অবস্থায় পৌঁছাতে হবে (ডাগযোগে বা সরাসরি)। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোন রচনা প্রতিযোগিতার জন্য বিবেচনায় নেয়া হবে না।
৬	খ ও গ বিভাগের অংশগ্রহণকারীদের এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন ও সত্যায়িত ছবি জমা দিতে হবে।
৭	প্রতিটি বিভাগে ১ম, ২য়, ৩য় পুরস্কার প্রদান করা হবে। ১ম পুরস্কার: ১৫০০০/- (পনের হাজার) টাকা, ২য় পুরস্কার: ১০০০০/- (দশ হাজার) টাকা এবং ৩য় পুরস্কার: ৭০০০/- টাকা
৮	বিজয়ী নির্বাচনের ক্ষেত্রে বিচারক মন্তলীর রায়/সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
৯	ব্রাহ্মণবাড়িয়া ফাউন্ডেশন কর্তৃপক্ষ যে কোন সময় শর্তাবলীর পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন করতে পারেন এবং প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে ফাউন্ডেশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০	প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে আনুষ্ঠানিকভাবে পুরস্কার ও সনদ তুলে দেয়া হবে।

✓ 
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

